অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/27/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

সিরাকিউসে গভর্নর হোচুলের $17 মিলিয়ন ডলারের সাশ্রয়ী আবাসন নির্মাণকাজ সমাপ্তির ঘোষণা

স্টার পার্ক অ্যাপার্টমেন্টস (Star Park Apartments)-এ গৃহহীন প্রাপ্তবয়স্কদের জন্য সহায়ক পরিষেবা সহ সামর্থ্যের মধ্যে 50টি বাড়ি অন্তর্ভুক্ত রয়েছে।

এই বিনিয়োগ 'NY রাইজিং (CNY Rising)' এর পরিপূরক - যা কমিউনিটিকে পুনরুজ্জীবিত করার ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য এই অঞ্চলের সমন্বিত কৌশল

গভর্নর ক্যাথি হোচুল আজ সিরাকিউসে $17 মিলিয়ন ডলারের সামর্থ্যের মধ্যে ও সহায়ক আবাসন নির্মাণকাজ সম্পন্ন হওয়ার ঘোষণা করেছেন। নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) এর অর্থায়ন সহায়তায়, স্টার পার্ক অ্যাপার্টমেন্টস গৃহহীনতার সম্মুখীন হওয়া প্রাপ্তবয়স্কদের জন্য সংরক্ষিত 30টি সহায়ক ইউনিটসহ 50টি নব নির্মিত বাড়ি সরবরাহ করে।

"গৃহহীনতা কমিয়ে আনতে এবং সব নিউ ইয়র্কবাসীর বাড়ি বলার মতো একটি নিরাপদ, সাশ্রয়ী জায়গা আছে তা নিশ্চিত করতে আমাদের প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ উপাদান হলো সহায়ক আবাসন," **বলেছেন গভর্নর হোচুল।** "স্টার পার্ক অ্যাপার্টমেন্টস তার ভাড়াটিয়াদের আবাসন নিরাপত্তাহীনতার অন্তর্নিহিত কারণ মোকাবেলার পাশাপাশি স্থায়ী, সহায়ক পরিবেশ প্রদান করে যা তাদের স্বাধীনভাবে বসবাসের জন্য প্রয়োজন। সেন্ট্রাল নিউ ইয়র্ক ও স্টেটজুড়ে অন্যান্য অনেক উন্নয়নের মতো এই উন্নয়নগুলো সব নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী আবাসনকে বাস্তবে রূপদানে আমাদের অঙ্গীকারকে পুনরায় নিশ্চিত করে।"

স্টেট ফেয়ার বুলেভার্ডে (State Fair Boulevard) অবস্থিত তিনতলা স্টার পার্ক অ্যাপার্টমেন্টসে রয়েছে এক-বেডরুমের 40টি ইউনিট ও দুই-বেডরুমের 10টি অ্যাপার্টমেন্ট - সবগুলো ইউনিট এলাকার গড় আয়ের শতকরা 60 ভাগ বা তারচেয়ে কম উপার্জনকারী ব্যক্তি ও পরিবারের জন্য সংরক্ষিত। ভবনের সুযোগ-সুবিধার মধ্যে রয়েছে প্রতি তলায় রান্নাঘর সহ একটি কমন রুম ও লন্ড্রি সুবিধা।

CSD হাউজিং (CSD Housing) এবং হেলিও হেলথ (Helio Health) কর্তৃক নির্মিত, অ্যাপার্টমেন্টগুলোর মধ্যে আছে 30টি সহায়ক ইউনিট যা গৃহহীনতার সম্মুখীন হওয়া প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য সংরক্ষিত। হেলিও হেলথ-এর প্রদানের করা পরিষেবার মধ্যে আছে সাইকিয়াট্রিস্ট, মদ্যপান ও মাদকদ্রব্যের অপব্যবহার সংক্রান্ত সার্টিফিকেটধারী কাউন্সেলর, ও সমাজকর্মীদের দ্বারা প্রদত্ত অন-সাইট কাউন্সেলিং।

এই প্রকল্পটি একটি মুদি দোকান, কনভেনিয়েন্স স্টোর, ফার্মেসি, পাবলিক লাইব্রেরি, গির্জা সুবিধা, ব্যাংক ও কয়েকটি বাস রুটে হেঁটে যাওয়ার দূরত্বে অবস্থিত৷ বিদ্যুৎ সাশ্রয়ী বৈশিষ্ট্যগুলোর মধ্যে রয়েছে এনার্জি স্টার হিটিং সরঞ্জাম, নিম্ন-প্রবাহবিশিষ্ট প্লাম্বিং ফিক্সার, এবং পেইন্ট ও সিল্যান্ট হিসেবে নিম্ন-নিংসরণকারী সামগ্রী।

স্টার পার্ক অ্যাপার্টমেন্টসে স্টেটের অর্থায়নের মধ্যে রয়েছে স্থায়ী কর-মওকুফ বন্ডে $10.8 মিলিয়ন ডলার এবং নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল থেকে $7.2 মিলিয়ন ডলারের ভর্তুকি। নির্মাণের জন্য মূলধন, অনুদানের অর্থ ও বার্ষিক ঋণ সার্ভিসের একটি পেমেন্ট প্রদান করেছে নিউ ইয়র্ক স্টেট অফিস অব মেন্টাল হেলথ (New York State Office of Mental Health)।

স্টার পার্ক অ্যাপার্টমেন্টস হলো স্টেটের অভূতপূর্ব $20 বিলিয়ন ডলারের পঞ্চবার্ষিক আবাসন পরিকল্পনার অংশ। সামর্থ্যের মধ্যে 100,000 বাড়ি এবং সহায়ক পরিষেবা সহ 6,000 বাড়ি নির্মাণ বা সংরক্ষণ করার মাধ্যমে এই পরিকল্পনা আবাসনকে সহজসাধ্য করে ও গৃহহীনতা প্রতিরোধ করে।

HCR কমিশনার রুথঅ্যান ভিসনস্কা বলেন, "কোভিড (COVID) মহামারী গৃহহীনতা ও আবাসন নিরাপত্তাহীনতার বিরুদ্ধে আমাদের সংগ্রামকে আরো বেশি জরুরি করে তুলেছে। $17 মিলিয়ন ডলারের স্টার পার্ক অ্যাপার্টমেন্টস নিম্ন আয়বিশিষ্ট 50 জনের বেশি নিউ ইয়র্কবাসীকে হেলিও হেলথের সুনির্দিষ্ট সহায়ক পরিষেবা সহ স্বাস্থ্যসম্মত, জীবন মান বৃদ্ধিকারী সাশ্রয়ী বাড়ি প্রদান করে। গভর্নর হোচুলের নেতৃত্বে আমরা আমাদের অসহায় প্রতিবেশীদের দেখাশোনা করা অব্যাহত রাখবো যাতে তারা স্থিতিশীলতা অর্জন করতে পারে এবং গৃহহীনতার চক্র চিরতরে ভেঙে দিতে পারে।"

CSD আবাসন কর্মসূচি উন্নয়ন (CSD Housing Program Development)-এর পরিচালক মাইক নিউম্যান বলেন, "স্টার পার্ক অ্যাপার্টমেন্টস সিরাকিউসে CSD আবাসনের দ্বিতীয় প্রকল্প যা আয়ের ক্ষেত্রে সমস্যায় থাকা ব্যক্তি ও পরিবারবর্গের পূরণ না হওয়া চাহিদা মোকাবেলায় হেলিওর সাথে কাজ করে। এই ফলাফলে আমরা অত্যন্ত আনন্দিত। HKK আর্কিটেক্টস (HKK Architects) ও ক্রিস্টা কনস্ট্রাকশন (Christa Construction) এই মহান প্রকল্প তৈরির ক্ষেত্রে সাইট সংক্রান্ত কিছু কঠিন সমস্যা মোকাবেলা করেছে। আমরা আমাদের সরকারি অংশীদার, নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল এবং নিউ ইয়র্ক স্টেট অফিস অব মেন্টাল হেলথ (New York State Office of Mental Health) এর পাশাপাশি আমাদের ঋণদাতা, JP মর্গান চেজ (JP Morgan Chase) এবং বারক্লে ডেমন (Barclay Damon)-এ আমাদের আইনি দলের সহায়তার প্রশংসা করি।"

হেলিও হেলথ-এর সভাপতি ও C.E.O. জেরেমি ক্লেমানস্কি বলেন, "আমাদের কমিউনিটিতে সমন্বিত, সহায়ক, ও সামর্থ্যের মধ্যে মানসম্মত আবাসনের চাহিদা অত্যন্ত গুরুত্বপূর্ণ। নিরাপদ ও স্থায়ী আবাসন হলো জীবনের একটি ইতিবাচক পরিবর্তন, বিশেষ করে যারা মানসিক অসুস্থতা থেকে সেরে উঠছে তাদের জন্য। হেলিও হেলথের সাথে সম্পৃক্ত হওয়ার আগে, সেন্ট্রাল নিউ ইয়র্ক সার্ভিসেস, ইনকর্পোরেটেড (Central New York Services, Inc.) এবং এর নির্বাহী পরিচালক জন ওয়ারেন এই চাহিদা পূরণের গুরুত্ব শনাক্ত করেছেন। 2016 সালে, CNYS তার অংশীদারদের সাথে মিলে স্টার পার্কের উন্নয়ন ও নির্মাণ কাজ শুরু করেছিল। আমরা আনন্দিত যে আমরা একসাথে এই গুরুত্বপূর্ণ প্রকল্পটি সম্পন্ন করেছি। এটি হেলিও হেলথের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত আবাসিক পরিষেবার (Mental Health Residential Services) ধারাবাহিকতার সম্প্রসারণ ঘটায় এবং আমাদের এলাকায় নতুন সাশ্রয়ী আবাসনের সংস্থান নিয়ে আসে। স্টার পার্কের উদ্বোধন লোকজনের স্বাস্থ্য ও আমাদের কমিউনিটির জন্য এক নতুন সংযোজন। নিরাপদ, স্থিতিশীল সহায়ক আবাসন দিতে পেরে আমরা সবাই গর্বিত যা সত্যিই পরিবর্তন বয়ে আনে।"

CNY রাইজিং-এর ত্বরান্বিতকরণ

এই নির্মাণ কাজ "CNY রাইজিং" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটির উন্নয়নের জন্য এই অঞ্চলের পরিপূর্ণ নীল নকশা। আঞ্চলিকভাবে নকশাকৃত এই পরিকল্পনা বৈশ্বিক বাজার সুবিধা থেকে লাভবান হওয়া, উদ্যোক্তাদের শক্তিশালী করা এবং একটি অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি তৈরির দিকে মনোনিবেশ করে।

এই অঞ্চল এখন আপস্টেট পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Upstate Revitalization Initiative) এর মাধ্যমে $500 মিলিয়ন ডলারের বিনিয়োগ দিয়ে CNY রাইজিংকে ত্বরান্বিত করছে। স্টেটের $500 মিলিয়ন ডলারের বিনিয়োগ প্রাইভেট ব্যবসাগুলোকে $2.5 বিলিয়ন ডলারেরও অনেক বেশি বিনিয়োগ করতে উৎসাহিত করবে - এবং এই অঞ্চলের জমা দেয়া পরিকল্পনা অনুযায়ী 5,900টি পর্যন্ত নতুন চাকরির ব্যবস্থা হবে। এখানে আরো তথ্য রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন